# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৮৩

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ আসরের সুন্নতের বিবরণ

আরবী

عَن عَلِيِّ بن أَبِي طَالِبٍ قَالَ : كَانَ النَّبِيُّ ﷺ يُصلِّي قَبْلَ العَصْرِ أَرْبَعَ رَكَعَاتٍ يَفْصِلُ بَيْنَهُنَّ بِالتَّسْلِيمِ عَلَى المَلائِكَةِ المُقَرَّبِينَ وَمَنْ تَبِعَهُمْ مِنَ المُسْلِمِينَ وَالمُؤْمِنِينَ رَوَاهُ التِّرمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ

বাংলা

(৮৮৩) আলী ইবনে আবী তালেব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের ফরয নামাযের আগে চার রাকআত সুন্নত পড়তেন। তার মাঝখানে নিকটবর্তী ফিরিশতাবর্গ ও তাঁদের অনুসারী মুসলিম ও মু'মিনদের প্রতি সালাম পেশ করার মাধ্যমে পার্থক্য করতেন। (তিরমিযী ৪২৯, হাসান)

অন্য বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের পূর্বে ৪ রাকআত নামায পড়তেন এবং প্রত্যেক দুই রাকআতে আল্লাহর নিকটবর্তী ফিরিশতা, আম্বিয়া ও তাঁদের অনুসারী মুমিন-মুসলিমদের প্রতি সালাম (তাশাহহুদ) দিয়ে তা পৃথক করতেন। আর সর্বশেষে সালাম ফিরতেন। (আহমাদ, তিরমিযী, নাসাঈ, ইবনে মাজাহ, সিলসিলা সহীহাহ ২৩৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64631

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন